দৈনিক বাংলা

তারিখ 15 OCT 1987
পৃষ্ঠা ... কলাম ...

C57

# কুদরত-ই-খুদার সকল রচনা সংরক্ষণ করা হবে

সরকার ডঃ কুদরত-ই-খুদার সকল রচনা সংগ্রহ ও সংরক্ষণের সিদ্ধান্ত নিয়েছেন।

সরকারী সূত্রের উদ্ধৃতি দিয়ে মঙ্গলবার বাসস জানায় যে সরকার মহান বিজ্ঞানী ও শিক্ষাবিদের বাছাই করা রচনার একটি সংকলন প্রকাশেরও সিদ্ধান্ত নিয়েছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ এ উদ্দেশ্যে ৯ সদস্যের একটি স্টিয়ারিং কমিটি গঠন করেছে। বিভাগীয় সচিব জনাব আহমদ ফরিদকে কমিটির আহ্বায়ক করা হয়েছে। কমিটিতে বিজ্ঞানী, শিক্ষাবিদ ও সাংবাদিক-সহ বিষয়-ভিত্তিক বিশেষজ্ঞরা রয়েছেন।

সম্প্রতি অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির এক সভায় বাংলাদেশ জাতীয় বৈজ্ঞানিক ও কারিগরি দলিল কেন্দ্রকে ডঃ কুদরত-ই-খুদার, সকল রচনা সংগ্রহ ও সংরক্ষণের দায়িত্ব অর্পণের সিদ্ধান্ত নেয়া হয়।

কমিটির অন্যান্য সদস্য হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আহমদ শামসুল ইসলাম, অধ্যাপক শমসের আলী ও ডঃ ইব্রাহিম, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আলী আসগর, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের সিনিয়র বিজ্ঞানী ও ডঃ কুদরত-ই-খুদার কন্যা মিসেস হোসনে আরা খান, বাসসর সিনিয়র সাংবাদিক জনাব এম গাজিউর রহমান এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সহকারী বিজ্ঞান উপদেষ্টা ডঃ লুৎফর রহমান।